

স্কুল কমিটির সভাপতির বৈধতা চ্যালেঞ্জ বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যানসহ ১১ জনের বিরুদ্ধে মামলা

প্রতিনিধি, পৌরনদী (বরিশাল)

বরিশালের পৌরনদী উপজেলার বাটাজোর অধিনী কুমার ইনস্টিটিউশনের ম্যানেজিং কমিটির সভাপতির বৈধতা চ্যালেঞ্জ করে বরিশাল পৌরনদী সহকারী জজ আদালতে মামলা দায়ের করা হয়েছে। গত রোববার মামলাটি দায়ের করেন ওই স্কুলের সিনিয়র সহকারী শিক্ষক আঞ্জিল সরদার। মামলায় বিবাদী করা হয়েছে বাটাজোর অধিনী কুমার ইনস্টিটিউশনের ম্যানেজিং কমিটির সভাপতি ও বাটাজোর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবদুর রব হাওলাদার, বরিশাল শিক্ষাবোর্ডের চেয়ারম্যান, বরিশাল জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাটাজোর অধিনী কুমার ইনস্টিটিউশনের প্রধান শিক্ষকসহ ১১ জনকে। গত মঙ্গলবার আদালত সভাপতিকে কেন বে-আইনি ও অবৈধ ঘোষণা করা হবে না তা ১০ দিনের মধ্যে বিবাদীদের কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন। মামলা সূত্রে প্রকাশিত বরিশাল জেলা বাটাজোর অধিনী কুমার ইনস্টিটিউশনের ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য ৪ জন ও সংরক্ষিত অভিভাবক সদস্য ১ জনকে নির্বাচিত করা হয়। নির্বাচনের পর ১২ জুলাই ম্যানেজিং কমিটি গঠনের জন্য প্রথম সভায় আহ্বান করা হয়। অভিভাবক সদস্য ফিতিশ পালের সভাপতিত্বে

সভায় তরিফরি করে কাউকে কোন কথা বলার সুযোগ না দিয়ে বাটাজোর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবদুর রব হাওলাদার ক্ষমতার প্রভাব বাটিয়ে তিনি নিজেই সভাপতির প্রত্যাব করেন। সভায় কোন রেজুলেশন না লিখে উপস্থিত সদস্যদের স্বাক্ষর নিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়। পরবর্তীতে সভার সদস্যদের মতামত না নিয়ে মনগড়া রেজুলেশন লেখা হয়। স্কুলের সিনিয়র সহকারী শিক্ষক ও শিক্ষক সদস্য আ. আঞ্জিল সরদার অভিযোগ করেন, রব হাওলাদার অবৈধ পন্থায় ব-যোজিত সভাপতি হিসেবে স্কুলে নিয়োগ বাধিত্য শুরু করেছেন। ইতোমধ্যেই রব সহকারী শিক্ষক পদে (ব্যবসায় শিক্ষা) গোপাল চন্দ্র দাসকে বিধিবিহীনভাবে নিয়োগ দিয়ে ২ লাখ টাকা হাতিয়ে নেন। এ ছাড়া শূন্য পদে সহকারী প্রধান শিক্ষক, একজন সহকারী শিক্ষক ও প্রোগ্রামার সহকারী (স্ট্র পদ) পদে মোটা অঙ্কের উৎকোচ গ্রহণ করে নিয়োগদানের পায়তারা চালাচ্ছেন। সভাপতি আ. রবের বৈধতা চ্যালেঞ্জ করে বরিশাল পৌরনদী সহকারী জজ আদালতে মামলা দায়ের করা হয়েছে। অভিযোগের ব্যাপারে বাটাজোর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবদুর রব হাওলাদার আদালতের নোটিশ প্রাপ্তির কথা স্বীকার করে বলেন, অভিযোগের কোন সত্যতা নাই।